

সাত কলেজের সব পরীক্ষা স্থগিত

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ২৭ জানুয়ারি ২০২৫, ০৩:৪৪



ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) অধিভুক্ত রাজধানী সরকারি সাত কলেজের সোমবারের সব চূড়ান্ত পরীক্ষা স্থগিত করা হয়েছে।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

রোববার (২৬ জানুয়ারি) দিবাগত রাত ২টা ৪৪ মিনিটের দিকে ঢাবির পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর থেকে প্রকাশিত বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

পরীক্ষা নিয়ন্ত্রক মো. বাহালুল হক চৌধুরীর সই করা ওই বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ঢাকা কলেজের অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে সাত কলেজের সোমবার (২৭ জানুয়ারি) এর সব পরীক্ষা স্থগিত করা হলো। এই পরীক্ষার তারিখ পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

উল্লেখ্য, সোমবার সাত কলেজের স্নাতক ২য় বর্ষের চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু সাত কলেজ শিক্ষার্থীদের সঙ্গে ঢাবির প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক ড. তানভীর আহমেদের অশোভন আচরণের অভিযোগকে কেন্দ্র করে তার বাসভবন ঘেরাও করতে গেলে বাঁধা দেন ঢাবি শিক্ষার্থীরা। যার জেরে দফায় দফায় সংঘর্ষে জড়ায় উভয়পক্ষ। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশের পাশাপাশি মোতায়েন করা হয় বিজিবি। এমন পরিস্থিতিতে পরীক্ষা স্থগিতের আহ্বান জানান ঢাকা কলেজ অধ্যক্ষ ও সাত কলেজের সমন্বয়ক অধ্যাপক এ কে এম ইলিয়াস। যার প্রেক্ষিতেই পরীক্ষা স্থগিত করা হয়েছে।

ইত্তেফাক/এমএএম

বিষয়: ঢাকা